গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
টিসিবি ভবন (৭ম তলা), ১ কাওরান বাজার, ঢাকা।
www.roc.gov.bd

নং- ২৬.০৬.০০০০.০৯৩.০২.০৯৯.১৪. ৮৭২(১২) তারিখ-১৮.০৩.২০২০ খ্রিঃ।

# কোম্পানির কমন সিল
# অবলোপন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে ব্যবসা বান্ধব পরিবেশ সৃষ্টি এবং Ease of Doing Business Report এ বাংলাদেশের অবস্থান এগিয়ে আনার লক্ষ্যে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির ব্যবহার্য্য কমন সিল/ সাধারণ সিল/ সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন করে কোম্পানি (সংশোধন) আইন, ২০২০ মহান জাতীয় সংসদে পাস হওয়ায় আইনটি ২৫/০২/২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যা হিসেবে প্রকাশিত হয়েছে। আইনের সংশোধনীটি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারগণ অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য www.roc.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিতে পারবেন।

বর্ণিত সংশোধনীতে কোম্পানি আইন, ১৯৯৪ এ কোম্পানির কমন সিল/ সাধারণ সিল/ সিলমোহর সংশ্লিষ্ট ধারাসমূহ অবলোপন হওয়ায় আরজেএসসিতে নিবন্ধন ও রিটার্ন দাখিলসহ যে কোন দপ্তর/সংস্থার সাথে কোম্পানি কর্তৃক কোন দলিল/কাগজপত্রাদি/ডকুমেন্টস ইত্যাদি সম্পাদনের ক্ষেত্রে কমন সিল ব্যবহারের আবশ্যক হবে না।

কর্তৃপক্ষ